10 JUN 1994

দৈনিক ইত্তেফাক

তারিখ 10 JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ৬

02

# সর্বোচ্চ ব্যয় বরাদ্দ শিক্ষা খাতে

ইত্তেফাক রিপোর্ট ॥ ১৯৯৪-৯৫ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেটে রাজস্ব কার্যক্রমের আওতায় সর্বোচ্চ বরাদ্দ শিক্ষাখাতে ১৮৭৬ কোটি টাকা। চলতি বছরে (১৯৯৩-৯৪) এই বরাদ্দের পরিমাণ ছিল ১৮২৪ কোটি টাকা। নয়া বাজেটে (১১শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## সর্বোচ্চ ব্যয় বরাদ্দ

(১ম পৃঃ পর)

দ্বিতীয় সর্বোচ্চ বরাদ্দ প্রতিরক্ষা খাতে ১৮২৪ কোটি টাকা। চলতি অর্থবছরে এই খাতে মূল বরাদ্দ ছিল ১৬২৪কোটি টাকা এবং সংশোধিত বাজেটে ব্যয় ধরা হয় ১৬৩৪ কোটি টাকা। তৃতীয় বৃহৎ বরাদ্দ স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ খাতে। এই খাতে ব্যয় বরাদ্দ ধরা হইয়াছে ৬৬৫ কোটি টাকা। চলতি অর্থ বছরে এই খাতে ব্যয় ধরা হইয়াছিল ৬০০ কোটি টাকা।

চলতি বছর অপ্রত্যাশিতব্যয় খাতে সংশোধিত বাজেটে ৫৭ কোটি টাকা বরাদ্দ রাখা হইলেও নয়া বছরের জন্য (১৯৯৪-৯৫) এই খাতে ৩৯৮ কোটি টাকা ব্যয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হইয়াছে।

অপরদিকে দেশের উন্নয়ন কর্মসূচীতে ৩২টি খাতের মধ্যে সর্বোচ্চ ব্যয় বরাদ্দ করা হইয়াছে পরিবহন খাতে। এই খাতে বরাদ্দ ১৭৯৫ কোটি টাকা। চলতি বছরে এই খাতে বরাদ্দের পরিমাণ ১৬৯৪ কোটি টাকা (সংশোধিত)। উন্নয়ন কর্মসূচীর অধীন দ্বিতীয় বৃহত্তম বরাদ্দ শিক্ষা ও ধর্ম খাতে। এই খাতে বরাদ্দ ১৫৬৬ কোটি ১১ লক্ষ টাকা। চলতি অর্থ বছরে এই খাতে বরাদ্দের পরিমাণ ছিল ৯৮০ কোটি ৪৬ লক্ষ টাকা (সংশোধিত)। এই কর্মসূচীর আওতায় তৃতীয় বৃহৎ বরাদ্দ বিদ্যুৎ খাতে। আগামী অর্থ বছরের জন্য এই খাতে ব্যয় ধরা হইয়াছে ১৩০৭ কোটি ৭২ লক্ষ টাকা। চলতি বছরে এই ব্যয় ১২১১ কোটি ৯৭ লক্ষ টাকা (সংশোধিত)।